গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং
www.plancom.gov.bd

নং-২০.০৫.০০০০.৪৩২.০১৪.০৯.২০১৭(খন্ড-২)-২০

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০১৭ খ্রি:

**বিষয়ঃ প্রকল্প মুল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য জনাব মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত "ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদী, নরসিংদী (২য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের ওপর গত ২২-০৬-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার কার্যবিবরণী প্রয়োজনী কার্যার্থে ও অবগতির জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(মো: সালাহউদ্দিন আহাম্মদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১১৭৩৩১
sahmedmk@yahoo.com

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং ২৬ তারিখ: ৯/৭/১৭
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শেরে-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শেরে-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য জনাব মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত "ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদী, নরসিংদী (২য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের ওপর গত ২২-০৬-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশিত করা হল।

২। আলোচ্যসূচী ঃ

- **প্রকল্পের নাম** ঃ ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদী, নরসিংদী (২য় সংশোধিত)।
- **উদ্যোগী মন্ত্রণালয়** ঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
- **বাস্তবায়নকারী সংস্থা** ঃ বাংলাদেশ তাঁত বোর্ড
- **প্রকল্পের প্রাক্কলিত ব্যয়** ঃ

(কোটি টাকায়)

| | মূল অনুমোদিত | ১ম সংশোধিত অনুমোদিত | ২য় সংশোধিত (প্রস্তাবিত) | অনুমোদিত ১ম সংশোধিত ব্যয় অপেক্ষা বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|
| মোট | ৩২.৩২১৩ | ৪১.৫৮ | ৪৪.৫৮ | ৩.০০ (৭.২২%) |
| জিওবি | ৩২.৩২১৩ | ৪১.৫৮ | ৪৪.৫৮ | ৩.০০ (৭.২২%) |
| প্রকল্প সাহায্য | | | | |

- **প্রকল্পের অর্থায়ন ও উৎস** ঃ সম্পূর্ণ বাংলাদেশ সরকারে অনুদান।
- **প্রকল্পের বাস্তবায়নকাল** ঃ

| | আরম্ভ | সমাপ্ত |
|---|---|---|
| মূল অনুমোদিত | জুলাই ২০১৩ | জুন ২০১৫ |
| ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জুলাই ২০১৩ | জুন ২০১৬ |
| ১ম সংশোধিত অনুমোদিত | জুলাই ২০১৩ | জুন ২০১৭ |
| ২য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | জুলাই ২০১৩ | জুন ২০১৮ |
| ২য় সংশোধিত প্রস্তাব | জুলাই ২০১৩ | জুন ২০১৮ |

- **প্রকল্প এলাকা** ঃ

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| ঢাকা | নরসিংদী | নরসিংদী সদর |

৩। উপস্থাপনা ঃ

৩.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতেই মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং সংস্থা হতে সভায় উপস্থিত কর্মকর্তাগণ নিজ নিজ পরিচয় প্রদান করেন। অত:পর সভাপতি প্রকল্পটি উপস্থাপনের জন্য এ বিভাগের প্রধান-কে আহ্বান জানালে বিভাগ প্রধান পাট, বস্ত্র এ বেপজা উইং এর সিনিয়র সহকারী প্রধান-কে প্রকল্প উপস্থাপনের জন্য বলেন। এ আহ্বানে সিনিয়র সহকারী প্রধান জানান যে, নরসিংদী জেলার মাধবদীতে অবস্থিত বিদ্যমান তাঁত বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্রটি আধুনিকায়নের লক্ষ্যে সম্পূর্ণ জিওবি অনুদানে মোট ৩২৩২.১৩ লক্ষ টাকা

ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০৭-০৫-২০১৩ তারিখে একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের মূল কার্যক্রমসমূহ হলো-বিদ্যমান বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্রটি বিএমআরই এর মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি করা; স্বল্প মূল্যে তাঁতিদেরকে বয়নোত্তর বিভিন্ন সেবা যথা-ডায়িং, মার্সারাইজিং, স্টেন্টারিং, সিন্‌জিং, ক্যালেন্ডারিং, ব্লিচিং, প্রিন্টিং ইত্যাদি সেবাসমূহ প্রদান করা; তাঁতিদেরকে মানসম্পন্ন বস্ত্র উৎপাদনে সহায়তা করা; এবং তাঁতিদের বস্ত্র উৎপাদনে ত্রুটির হার হ্রাস করা। বাস্তবায়ন পর্যায়ে বিদ্যমান অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, নতুন অঙ্গের অন্তর্ভুক্তি এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৪১৫৮.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১২-০৭-২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৩.২ সভায় অবহিত করা হয় যে, মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১১৩৫.৫১ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ৩২%। আলোচ্য প্রকল্পের আওতায় মূল কার্যক্রম হলো তাঁত সংশ্লিষ্ট বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় করা- যা মোট প্রকল্প ব্যয়ের ৬৫.৯০% (২য় সংশোধিত প্রস্তাব অনুযায়ী)। অনুমোদিত মূল প্রকল্পের আওতায় জুলাই ২০১৫ এর মধ্যে ২৩৭৩.০৩ লক্ষ টাকায় ৩৫ টি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান ছিল। অনুমোদিত ১ম সংশোধিত প্রকল্পের ডিপিপিতে ৩৪ টি যন্ত্রপাতির ক্রয়ের জন্য ২৮৯৯.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এ পর্যন্ত ৩৪ টি যন্ত্রপাতির মধ্যে মাত্র ১টি স্টেন্টার মেশিন ক্রয় করা সম্ভব হয়েছে। প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাবে ৩৬ টি যন্ত্রপাতি ক্রয়ের জন্য ২৯৩৭.৫০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। বর্তমানে প্রকল্পের আওতায় আরও ৩৫টি যন্ত্রপাতি ক্রয় অবশিষ্ট রয়েছে। এ প্রেক্ষাপটে প্রকল্পের আওতায় বিদ্যমান বিভিন্ন অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি যথা- বেতন-ভাতাদি খাতে ব্যয় বৃদ্ধি, যন্ত্রপাতির সংখ্যা ও ব্যয় বৃদ্ধি, বৈদ্যুতিক সাব-ষ্টেশনের জন্য যন্ত্রপাতি ক্রয়জনিত ব্যয় বৃদ্ধি, বিদ্যুৎ ও গ্যাসের লোড বৃদ্ধি এবং ইটিপি নির্মাণে ব্যয় বৃদ্ধি ও ইটিপি পরামর্শক নিয়োগ ব্যয় হ্রাসসহ টাইম ওভার-রানের কারণে অন্যান্য বিভিন্ন পূর্ত নির্মাণ কাজের ব্যয় বৃদ্ধিজনিত কারণে প্রকল্পটির দ্বিতীয় সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

৪। আলোচনাঃ

৪.১ প্রকল্পটি সংশোধনের কারণ সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধি বলেন যে, প্রকল্পের আওতায় বিদ্যমান বিভিন্ন অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, বৈদ্যুতিক সাব-ষ্টেশনের জন্য যন্ত্রপাতি ক্রয়জনিত ব্যয় বৃদ্ধি, বিদ্যুৎ ও গ্যাসের লোড বৃদ্ধি এবং ইটিপি নির্মাণে ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটি দ্বিতীয় দফায় সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

৪.২ পরিকল্পনা কমিশনের সেক্টর-ডিভিশনের পক্ষ হতে জানানো হয় যে, বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় যে সকল ক্রয় কার্যক্রম ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত প্রকল্পের আওতায় ভবিষ্যতে ক্রয় কার্যক্রম পরিচালনা করা হবে সে লক্ষ্যে প্রণীত ক্রয় পরিকল্পনা পিপিআর-২০০৮ এর আলোকে প্রণয়ন করা হয়েছে মর্মে প্রস্তাবিত ডিপিপি'তে উল্লেখ করা হলেও বাস্তবে এতে বেশ কিছু ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করা গেছে। প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি'র পৃষ্ঠা ২২, সংযোজনী-৩(ক) এ 'উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা' শিরোনামে প্রকল্পের ক্রয় কার্যে পণ্য-১ প্যাকেজের আওতায় ক্রয়কৃত স্টেন্টার মেশিনটি ডিপিএম/ওটিএম ক্রয় পদ্ধতিতে ক্রয় করা হয়েছে উল্লেখ করায় প্রকল্প পরিচালকের নিকট সুনির্দিষ্টভাবে কোন পদ্ধতিতে তা ক্রয় করা হয়েছে জানতে চাওয়া হলে তিনি সভায় অবহিত করেন যে, প্রাথমিকভাবে বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী (বিএমটিএফ) এর সংগে সরাসরি ক্রয় পদ্ধতির চুক্তি সম্পাদনের মাধ্যমে মেশিনটি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হলেও তিন বার সময় বৃদ্ধি করা সত্ত্বেও বিএমটিএফ কর্তৃক যথাসময়ে তা সরবরাহ করতে না পারায় জামানত বাজেয়াপ্ত ও ক্রয়চুক্তি বাতিল করে পরবর্তিতে ওটিএম এর আওতায় এনসিবি পদ্ধতি অনুসরণপূর্বক স্টেন্টার মেশিনটি ক্রয় করা হয়েছে।

৪.৩ সভায় অবহিত করা হয় যে, পণ্য-২ প্যাকেজের আওতায় ২৬৯৭.৯০ লক্ষ টাকার ৩৫ টি যন্ত্রপাতি সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের জন্য বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরি (বিএমটিএফ) এর সংগে ২০১৭ সালের মে মাসে একটি চুক্তি সম্পাদন করা হয়েছে। এক্ষেত্রে ০৭-১২-২০১৪ খ্রি: তারিখে পরিকল্পনা বিভাগের একনেক-এনইসি ও সমন্বয় অনুবিভাগে হতে ০২-০৩-২০১০ তারিখের একনেক সিদ্ধান্তের বরাতে জারিকৃত আদেশ বলে সরকারি ক্রয়ের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের উৎপাদিত ও সংযোজিত দ্রব্য-সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয়ের অনুশাসন অনুসরণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে পরিকল্পনা কমিশন হতে সভায় আরও জানানো হয় যে, সরকারি ক্রয়ের ক্ষেত্রে ০৭-১২-২০১৪ খ্রি: তারিখে পরিকল্পনা বিভাগের একনেক-এনইসি ও সমন্বয় অনুবিভাগ হতে জারিকৃত আদেশে সংযোজিত দ্রব্য-সামগ্রীর বিষয়ে যা উল্লেখ রয়েছে এর পরিবর্তে ২৪ নভেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত পিপিআর-২০০৮ এর সংশোধন সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরকারের নিজস্ব অর্থে ক্রয়ের বিষয় থাকলে "সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য" এর পরিধি সম্পর্কে পিপিআর-২০০৮ এর সংশোধনীরূপে উক্ত প্রজ্ঞাপনে যে ব্যাখ্যা প্রদান করা হয়েছে তা

অনুসরণপূর্বক আলোচ্য প্রকল্পের আওতায় তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্রয় কার্যক্রম সম্পাদন করা বিধিসম্মত ও বাঞ্ছনীয় হবে। এক্ষেত্রে কোন অবস্থাতেই অবাধ প্রতিযোগিতা এড়ানোর লক্ষ্যে বা কোন নির্দিষ্ট ব্যক্তি, সরবরাহকারী ও ঠিকাদারের প্রতি বৈষম্য সৃষ্টি বা আনুকূল্য প্রদর্শনের উদ্দেশ্যে সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করা সমীচীন হবে না মর্মে সভায় উল্লেখ করা হয়। সভায় সরাসরি ক্রয় প্রক্রিয়ায় ইউরোপীয় স্ট্যান্ডার্ড পণ্য সংগ্রহের বিষয়টি উত্থাপিত হলে পরিকল্পনা কমিশন হতে জানানো হয় যে, কোন নির্দিষ্ট মানের পণ্য সংগ্রহের লক্ষ্যে (যেমন, ইউরোপীয় স্ট্যান্ডার্ড) কারিগরী বিনির্দেশ (Technical specification) সে অনুযায়ী প্রস্তুত করা সমীচীন হবে। এছাড়া, পিপিআর-২০০৮ এর তফশিল-২ অনুযায়ী একটি প্যাকেজের জন্য একটিমাত্র ক্রয় পদ্ধতি উল্লেখপূর্বক বিভিন্ন প্যাকেজের ক্রয় পরিকল্পনা সংশোধন করার জন্য পরিকল্পনা কমিশনের পক্ষ হতে সভায় বলা হয়। বিশেষত: উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। বিস্তারিত আলোচনান্তে বিদ্যমান পিপিআর-২০০৮ এর সর্বশেষ সংশোধন অনুযায়ী সকল প্রকার বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পের আওতায় ক্রয়কার্য সম্পাদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.৪ প্রকল্পের আওতায় ক্রয় পরিকল্পনা ও ক্রয় কার্যক্রম সম্পর্কে তাঁত বোর্ডের চেয়ারম্যান সভায় অবহিত করেন যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় এ যাবৎ সম্পাদিত বিভিন্ন ক্রয় কার্যক্রম মূলত: সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক সম্পাদন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয় কার্যেও অনুরূপ পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এ প্রসঙ্গে কার্যক্রম বিভাগের যুগ্ম-প্রধান সভায় অভিমত ব্যক্ত করেন যে, বিশেষ ক্ষেত্রে উপযুক্ত কারণ বিদ্যমান থাকার শর্তে কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কোন ক্রয় কার্যক্রম সম্পাদনে ক্রয় সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধির ব্যত্যয় ঘটানো অপরিহার্য হলে ক্রয় পরিকল্পনা প্রণয়নের পূর্বেই অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করা বাঞ্ছনীয়। তিনি আরও বলেন যে, ২৪ নভেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত পিপিআর-২০০৮ এর সংশোধন সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরকারের নিজস্ব অর্থে ক্রয়ের ক্ষেত্রে সংযোজিত দ্রব্য-সামগ্রীর পরিধি সম্পর্কে যে ব্যাখ্যা প্রদান করা হয়েছে আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয় কার্যে তা ব্যত্যয়ের প্রয়োজন হলে পূর্বেই অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করা বাঞ্ছনীয় হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর এ প্রকল্পের ক্রয় কার্যে পিপিআর-২০০৮ এর কোন বিধির ব্যত্যয় ঘটানো অপরিহার্য হলে পূর্বেই অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৪.৫ প্রধান (শিল্প ও শক্তি) সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, প্রকল্পটি জুলাই ২০১৩ এ শুরু হয়ে দুই দফায় মেয়াদ বৃদ্ধি করার পর সর্বশেষ জুন ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি করা হয় অথচ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি খুবই হতাশাব্যঞ্জক। তিনি আরো বলেন যে, প্রকল্পের মূল অঙ্গ তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতি অর্থাৎ ৩৪ টি মেশিন ক্রয়ের জন্য নির্ধারিত থাকলেও এ অবধি একটি মাত্র মেশিন ক্রয় করা সম্ভব হয়েছে- যা নিতান্তই অনাকাঙ্ক্ষিত। তিনি জুন ২০১৮ এর পর প্রকল্পটির মেয়াদ কোনক্রমেই আর বৃদ্ধি করা সমীচীন হবে না মর্মে অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনার পর এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.৬ সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অসন্তোষ প্রকাশ করে বলেন যে, দুই বছরে বাস্তবায়নের জন্য ২০১৩ সালে অনুমোদিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ০৩ (তিন) বছর বৃদ্ধি করা হয়েছে অথচ গত চার বছরে ৩৪ টি তাঁত মেশিনারিজের মধ্যে মাত্র ১টি মেশিন ক্রয় করা হয়েছে যা বাস্তবানুগ ও যুক্তিসঙ্গত নয়। তিনি বলেন যে, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থাকে আরও বেশী আন্তরিক ও সক্রিয় হতে হবে এবং প্রয়োজনে বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করাও আবশ্যক। সভাপতি প্রকল্পের আওতায় তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয় কার্যক্রমে যে ক্রয় প্রক্রিয়া বা পদ্ধতি অনুসরণ করা হয়েছে ও হবে তা বিদ্যমান ক্রয় সংক্রান্ত আইন ও বিধির সঙ্গে সঙ্গতিপূর্ণ কি-না তা যাচাইয়ের জন্য আইএমইডি'র নেতৃত্বে একটি কমিটি গঠনপূর্বক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন করে উদ্যোগী মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণসহ পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪.৭ এছাড়া, সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত ও পিইসি সভার কার্যপত্রে বর্ণিত পরিকল্পনা কমিশনের মতামতসমূহের আলোকে সংশোধিত ডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করেন।

৫। **সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৫.১ পিপিআর-২০০৮ এর সর্বশেষ সংশোধন অনুযায়ী সকল প্রকার বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পের আওতায় ক্রয়কার্য সম্পাদন করতে হবে;

৫.২ প্রকল্পের আওতায় ক্রয় কার্যে পিপিআর-২০০৮ এর কোন বিধির ব্যত্যয় ঘটানো অপরিহার্য হলে পূর্বেই অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে;

৫.৩ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থাকে আরও বেশী আন্তরিক ও সক্রিয় হতে হবে এবং প্রয়োজনে বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

৫.৪ প্রকল্পের আওতায় তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয় কার্যক্রমে যে ক্রয় প্রক্রিয়া বা পদ্ধতি অনুসরণ করা হয়েছে ও হবে তা বিদ্যমান ক্রয় সংক্রান্ত আইন ও বিধির সঙ্গে সঙ্গতিপূর্ণ কি-না তা যাচাইয়ের জন্য আইএমইডি কর্তৃক আইএমইডি'র নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে একটি প্রতিবেদন প্রণয়ন করে উদ্যোগী মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণসহ তা পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;

৫.৫ ২য় সংশোধিত প্রকল্পে সংশোধিত বিনিয়োগ ব্যয়ে ৭০% উৎপাদন ক্ষমতায় পে-ব্যাক পিরিয়ড কি হবে তা ২য় সংশোধিত পুনর্গঠিত ডিপিপি'তে উল্লেখ করতে হবে;

৫.৬ প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি'তে প্রকল্পের বাস্তবায়নকাল ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি অর্থাৎ জুলাই ২০১৩ হতে জুন ২০১৬ পর্যন্ত এবং ২য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি অর্থাৎ জুলাই ২০১৩ হতে জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধির বিষয়টি উল্লেখ করতে হবে;

৫.৭ আইএমইডি'র সুপারিশক্রমে অনুমোদিত ১ম সংশোধিত প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করায় প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি'তে প্রকল্প সংশোধনের কারণ অংশে প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধির বিষয়টি বাদ দিতে হবে;

৫.৮ 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি' সংক্রান্ত পরিপত্রের আলোকে প্রকল্প বাস্তবায়ন কমিটি'র গঠন সংশোধন করতে হবে;

৫.৯ প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণে ২০১৩-১৪ অর্থ বছর হতে ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত প্রকৃত ব্যয়ের আলোকে প্রকল্পে ক্যাশ-ফ্লো সংশোধন করে তা নিরূপণ করতে হবে;

৫.১০ জুন ২০১৮ এর মধ্যে প্রকল্পটির বাস্তবায়ন কাজ অবশ্যই সমাপ্ত করতে হবে; এবং

৫.১১ ওপরে বর্ণিত সিদ্ধান্ত ৫.১ হতে ৫.১০ যথাযথভাবে পুনর্গঠিত আরডিপিপি'তে প্রতিপালন সাপেক্ষে প্রকল্পটির ২য় সংশোধিত আরডিপিপি অনুমোদনের সুপারিশ করা হলো।

৬। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

০১/৫/১৭

(মোস্তাফা কামাল উদ্দীন)
সদস্য (শিল্প ও শক্তি)
পরিকল্পনা কমিশন

## উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

বিষয়ঃ "ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন (বিএমআরই) অব দ্যা এক্সিসটিং ক্লথ প্রসেসিং সেন্টার এ্যাট মাধবদী, নরসিংদী (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর ২য় প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা।

সভার তারিখ ও দিনঃ ২২/০৬/২০১৭, বৃহস্পতিবার।

সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা; সভার স্থানঃ পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-১০, কক্ষ-৩-৪, শেরে-বাংলা নগর, ঢাকা।

সভাপতিঃ জনাব মোস্তাফা কামাল উদ্দীন, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

| ক্রমিক নং | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মিঃ মামুনুর রশিদ প্রধান | শিল্প ও শক্তি বিভাগ পরি. কমিশন | 01716241789 | [signature] |
| ২. | মোঃ ছায়েদুজ্জামান যুগ্ম-প্রধান | কার্যক্রম বিভাগ পরিকল্পনা কমিশন | | [signature] |
| ৩. | তাসলিমা খানম উপ-প্রধান | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | 9552341120 | [signature] |
| ৪. | নিতাই চন্দ্র পাল সদস্য (পরিকল্পনা) | বাতাঁবো | 01711419035 | [signature] |
| ৫. | ড. শেখ আলমগীর হোসেন প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) BMRE OF CPC | বাতাঁবো | 01711321397 | [signature] |
| ৬. | মোঃ আইয়ুব আলী প্রধান (পরি. ও বাস্ত.) | বাতাঁবো | 01718020446 | [signature] |
| ৭. | এ.এম.এম গোলাম মুর্তজা DGM(OP) | বাতাঁবো | 01914252401 | [signature] |
| ৮. | মোঃ সাদাকাতুল বারি নির্বাহী প্রকৌশলী | বাতাঁবো | 01712763216 | [signature] |
| ৯. | মোহাম্মদ সাইদুর রহমান সহকারী পরিচালক | আইএমইডি | 01515560446 | [signature] 22/6/17 |
| ১০. | জসীম উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, | BHB | 01757621030 | [signature] 22/6/17 |
| ১১. | মোঃ মোস্তাফিজুর রহমান যুগ্ম-প্রধান | শিল্প ও শক্তি বিভাগ পা/ক | | [signature] 22/6/17 |
| ১২. | মোঃ মনসুর উদ্দিন আহমেদ সিনিয়র সহকারী প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | ৯১১৭৩৩১ | [signature] 22/6/17 |
| ১৩. | | | | |